

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দফতর
www.iau.edu.bd



বাড়ি নং-১২৪/২২, ব্লক-এ, রোড নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং:- ইআবি/পরি/অধিভুক্তি/২০২২/১২৩৫১

তারিখ: ০২ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
১৭ সেপ্টেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ

মুসুল্লীয়াবাদ ইসলামিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: কুয়াকাটা, উপজেলা: কলাপাড়া, জেলা: পটুয়াখালী (মাদরাসা কোড: ১৭২২১, EIIN:102375) এর ফাজিল স্নাতক (পাস) বি.এ/বি.এস.এস শ্রেণি অধিভুক্তির বিষয়ে অধ্যক্ষের আবেদনের প্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় আইন ২০১৩ এর প্রথম সংবিধির ধারা ৪.(৪)ক অনুযায়ী গঠিত পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদন, ২৫.০৭.২০২৩ খ্রি. তারিখ অনুষ্ঠিত অধিভুক্তি কমিটির ৯ম সভার সিদ্ধান্ত ও সুপারিশ, ১৯.০৮.২০২৩ খ্রি. তারিখ অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের ১৫তম সভার সুপারিশ এবং ২৮.০৮.২০২৩ খ্রি. তারিখ অনুষ্ঠিত সিন্ডিকেটের ২৭তম সভায় অনুমোদনের পরিপ্রেক্ষিতে উক্ত মাদরাসার ফাজিল স্নাতক (পাস) বি.এ/বি.এস.এস শ্রেণি নিম্নবর্ণিত শর্তে ০৪ (চার) বছরের জন্য ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত করা হলো।

শর্তসমূহ:

১. এ আদেশ সিন্ডিকেট সভার তারিখ অর্থাৎ ২৮.০৮.২০২৩ খ্রি. থেকে কার্যকর হবে।
২. শ্রেণিকক্ষে মূল কিতাবের ব্যবহার নিশ্চিত করতে হবে এবং শিক্ষার্থীদের মাতৃভাষার পাশাপাশি আরবি ও ইংরেজি ভাষা দক্ষ করে গড়ে তুলতে হবে।
৩. ফাজিলসহ সকল শ্রেণিতে অবশ্যই শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।
৪. গ্রন্থাগারে সিলেবাসভুক্ত গ্রন্থের পাশাপাশি যুযোপযোগী বিভিন্ন বই সংরক্ষণ করতে হবে।
৫. সরকারি ও বিশ্ববিদ্যালয়ের নির্দেশান মোতাবেক প্রতিষ্ঠানের সকল কার্যক্রম পরিচালনা করতে হবে।
৬. ব্যাংকের মাধ্যমে সকল আর্থিক লেনদেন করতে হবে এবং বাৎসরিক সকল আয়-ব্যয়ের হিসাব অডিট কমিটির মূল্যায়ন শেষে গভর্নিং বডির অনুমোদন নিতে হবে।
৭. 'হৃদয়ে বঙ্গবন্ধু' তথা বঙ্গবন্ধু কর্নারকে আরো সমৃদ্ধ করে স্বতন্ত্র কক্ষে স্থানান্তর করতে হবে।
৮. অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে অধিভুক্তি নবায়নের জন্য আবেদন করতে হবে।

ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে


(ড. মোহাম্মদ কামরুল ইসলাম)
রেজিস্ট্রার
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মোবাইল নম্বর- ০১৭০৫ ৪০৮০০১
iauregistr@gmail.com

অধ্যক্ষ


মুসুল্লীয়াবাদ ইসলামিয়া ফাজিল মাদরাসা
ডাকঘর: কুয়াকাটা, উপজেলা: কলাপাড়া, জেলা: পটুয়াখালী।

স্মারক নং:- ইআবি/পরি/অধিভুক্তি/২০২২/১২৩৫১

তারিখ: ০২ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
১৭ সেপ্টেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস, নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪. আইসিটি শাখা (ওয়েব সাইটে প্রকাশের জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫. সভাপতি, মুসুল্লীয়াবাদ ইসলামিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: কুয়াকাটা, উপজেলা: কলাপাড়া, জেলা: পটুয়াখালী।
৬. অফিস নথি।


(মোঃ জাহান উদ্দিন)
সেকশন অফিসার
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মোবাইল নম্বর- ০১৭২৪-৮০৮৫২৪